# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

## প্রজ্ঞাপন

তারিখ ......১৬-৬-২০০৯ খ্রিস্টাব্দ /....২-৩-.....১৪১৬ বঙ্গাব্দ।

এস,আর,ও নং- ১৫৬ / আইন/২০০৯।- Intermediate and Secondary Education Ordinance, 1961(E.P.Ord. No.XXXIII of 1961) এর section 39 এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকারের পূর্বানুমোদনক্রমে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।- (১) এই প্রবিধানমালা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়-

(ক) "**অভিভাবক**" অর্থ কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত -

(অ) কোন শিক্ষার্থীর পিতা অথবা মাতা;

(আ) কোন শিক্ষার্থীর পিতা ও মাতা কেহ জীবিত না থাকিলে, তাহার তত্ত্বাবধানকারী অন্য কোন ব্যক্তি;

(ই) কোন নারী শিক্ষার্থী বিবাহিতা হইলে তাঁহার স্বামী, যিনি একই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী নহেন;

(খ) "**উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান**" অর্থ একাদশ ও দ্বাদশ শ্রেণীতে পাঠদানের জন্য বোর্ড হইতে প্রাথমিক অনুমতিপ্রাপ্ত বা স্বীকৃতিপ্রাপ্ত কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান, উহা যে নামেই অভিহিত হউক না কেন;

(গ) "**গভার্ণিং বডি**" অর্থ এই প্রবিধানমালা অনুসারে উচ্চ মাধ্যমিক স্তরের কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার নিমিত্ত প্রবিধান ৪ এর অধীন গঠিত গভার্ণিং বডি;

(ঘ) "**তফসিল**" অর্থ এই প্রবিধানমালার তফসিল;

(ঙ) "**তহবিল**" অর্থ মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্তরের কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের তহবিল;

(চ) "**দাতা**" অর্থ এইরূপ কোন ব্যক্তি, যিনি-

(অ) রাজশাহী মহানগর এলাকায় অবস্থিত মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্তরের কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যমান গভার্ণিং বডির বা, ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণের অন্তত: ১৮০ দিন পূর্বে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে নগদ অথবা চেকের মাধ্যমে এককালীন ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা দান করিয়াছেন;এবং

(আ) রাজশাহী মহানগর ব্যতীত অন্য এলাকায় অবস্থিত মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্তরের কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যমান গভার্ণিং বডির বা,

ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণের অন্তত: ১৮০ দিন পূর্বে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে নগদ অথবা চেকের মাধ্যমে এককালীন ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা দান করিয়াছেন;

**ব্যাখ্যা**।- (১) এই প্রবিধানমালা বলবৎ হইবার অব্যবহিত পূর্বে বিদ্যমান মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভার্ণিং বডি বা ম্যানেজিং কমিটি সংক্রান্ত কোন প্রবিধানমালা অনুযায়ী যিনি বা যাঁহারা মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্তরের কোন শিক্ষা প্রতিষ্ঠানের আজীবন দাতা ছিলেন, তিনি বা তাঁহারাও এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের দাতা হিসাবে গণ্য হইবেন;

(২) এই প্রবিধানমালা বলবৎ হইবার পর কোন ব্যক্তি রাজশাহী মহানগর এলাকায় অবস্থিত মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্তরের কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এককালীন নগদ অথবা চেকের মাধ্যমে ৬,০০,০০০.০০ (ছয় লক্ষ) টাকা এবং রাজশাহী মহানগর ব্যতীত অন্য এলাকায় অবস্থিত কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা দান করিলে তিনি আজীবন দাতা হিসাবে পরিগণিত হইবেন;

(ছ) ''**প্রতিষ্ঠাতা**'' অর্থ মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠাকারী কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ, যিনি বা যাঁহারা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার নিমিত্ত অন্যূন ১০ (দশ) লক্ষ টাকা নগদে বা চেকের মাধ্যমে কিংবা সমমূল্যের স্থাবর সম্পত্তি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে দান করিয়াছেন, তবে এই প্রবিবিধানমালা বলবৎ হইবার অব্যবহিত পূর্বে বিদ্যমান মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভার্ণিং বডি বা ম্যানেজিং কমিটি সংক্রান্ত কোন প্রবিধানমালা অনুযায়ী কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা থাকিলে উক্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গ এই প্রবিধানমালার উদ্দেশ্যপূরণকল্পে, সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা হিসাবে গণ্য হইবেন;

(জ) **"ফরম"** অর্থ তফসিল এর কোন ফরম;

(ঝ) ''**মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান**'' অর্থ ষষ্ঠ হইতে দশম শ্রেণীর যে কোন শ্রেণী পর্যন্ত পাঠদানের জন্য বোর্ড হইতে প্রাথমিক অনুমতিপ্রাপ্ত বা স্বীকৃতিপ্রাপ্ত কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান, উহা যে নামেই অভিহিত হউক না কেন;

(ঞ) **"বোর্ড "** অর্থ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী;

(ট) **"ম্যানেজিং কমিটি"** অর্থ এই প্রবিধানমালা অনুসারে মাধ্যমিক স্তরের কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার নিমিত্ত প্রবিধান ৭ এর অধীন গঠিত ম্যানেজিং কমিটি;

(ঠ) ''**শিক্ষক**'' অর্থ মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্তরের কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পূর্ণকালীন শিক্ষাদানের জন্য নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তি, এবং প্রদর্শক ও শরীরচর্চা শিক্ষকও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(ড) **"শিক্ষার্থী"** অর্থ মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্তরের কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত কোন ছাত্র বা ছাত্রী;

(ঢ) **"শিক্ষা প্রতিষ্ঠান প্রধান"** অর্থ মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্তরের কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান হিসাবে দায়িত্বপ্রাপ্ত কোন শিক্ষক, তিনি যে পদবীতেই অভিহিত হউন না কেন;

